

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউইয়র্ক ওয়াইল্ডলাইফ অগ্নিনির্বাপক বাহিনীর হোম ক্রুদের স্বাগত জানিয়েছেন

*পরিবেশ সংরক্ষণ দপ্তর (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জার -  
এবং অগ্নিনির্বাপক বাহিনী এবং কর্মীরা উত্তরাঞ্চলীয় ক্যালিফোর্নিয়ার দুটো অগ্নিকান্ডের সাথে  
লড়াই করেছে*

*ফেরত আসা রেঞ্জার্স ও কর্মীদের ছবি এখানে*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ দপ্তর ফরেস্ট রেঞ্জার্স (Department of Environmental Conservation, DEC) এবং অন্যান্য DEC প্রোগ্রামের বনভূমি অগ্নিনির্বাপক কর্মীবৃন্দের 20 জনের একটি দলকে স্বাগত জানিয়েছেন যারা ক্ল্যামাথ এবং ক্যালিফোর্নিয়ার ক্ল্যামাস জাতীয় বনভূমি (Klamath and Plumas National Forests) -এ লড়াই এবং দাবানল নিয়ন্ত্রণে সহায়তা করেছিলেন। অগ্নিনির্বাপক বাহিনীটির দলটি 9 সেপ্টেম্বর ক্যালিফোর্নিয়ায় তাদের কার্যভার শুরু করে এবং গতকাল রাতে রাজধানী অঞ্চলে ফিরে আসে।

"কর্মিউনিটি এবং স্টেটের সাহায্যের প্রয়োজনে, নিউইয়র্ক সবসময় এগিয়ে আসে", **গভর্নর কুওমো বলেন।** "আমি এই সাহসী অগ্নিনির্বাপক কর্মীদের পুনরায় স্বাগত জানাতে পেরে গর্বিত, যারা ক্যালিফোর্নিয়ার বিপজ্জনক দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করেছে এবং যারা নিউইয়র্ক স্টেটের ত্যাগ ও অন্যকে উপকার করার মূল্যবোধের দৃষ্টান্ত প্রদর্শন করেছে।"

সিসকিউ কাউন্টির ক্ল্যামাথ জাতীয় বনভূমির লাইম ফায়ার (Lime Fire) 1,800 একরেরও বেশি জায়গা নিয়ে জ্বলছিল এবং এটিকে নিয়ন্ত্রণ করতে শত শত অগ্নিনির্বাপক কর্মীর প্রয়োজন হয়। কর্মকর্তারা মনে করেন যে আগুনটি 4 সেপ্টেম্বর বজ্রপাতের ফলে সূত্রপাত হয় এবং প্রবল বাতাসের কারণে ছড়িয়ে পড়ে। ওয়াকার ফায়ারও 4 সেপ্টেম্বরে ক্ল্যামাস জাতীয় বনভূমিতে (Walker Fire) শুরু হয় এবং সেটি ছিল দ্বিতীয় অগ্নিকান্ড যেটির নির্বাপন প্রক্রিয়ায় এই কর্মীরা সাহায্য করে। অগ্নিকান্ডটি বর্তমানে 97 শতাংশ নিয়ন্ত্রিত এবং আকারে 54,600 একর বেড়েছে। এটি শুরু হওয়ার পর থেকে মোট 1,073 জন কর্মীকে ওয়াকার ফায়ারের কাজে নিযুক্ত করা হয়েছে এবং এর কারণ তদন্তাধীন রয়েছে। এগুলো এবং অন্যান্য অগ্নিকান্ড সম্পর্কিত অতিরিক্ত তথ্য পাওয়া যাবে: <https://inciweb.nwccg.gov/>।

- নিউ ইয়র্ক স্টেটের কর্মীরা হস্তচালিত সরঞ্জাম এবং করাত দিয়ে নিয়ন্ত্রণ রেখা তৈরি করেছিল এবং দাবানল ছড়ানো রুখতে ও বিপদাপন্ন বাড়িগুলোকে রক্ষা করতে ইচ্ছাকৃত আগুন ব্যবহার করেছিল। সাড়া দেয়া নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের মধ্যে ছিল:

- আইমি বিল, ফরেস্ট রেঞ্জার, ওটসেগো কাউন্টি
- জেমস ক্যানাভারি, মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ (Division of Fish and Wildlife), সেইন্ট লরেন্স কাউন্টি
- জোশুয়া শোকুয়ে, মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, ডেলাওয়্যার কাউন্টি
- শে ফকনার, অপারেশন বিভাগ (Division of Operations), অ্যালিগ্যানি কাউন্টি
- রেবেকা ফেরি, মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, অলস্টার কাউন্টি
- মাইকেল জিয়োকোল্ডো, ভূমি ও বন বিভাগ (Division of Lands and Forests), লিউইস কাউন্টি
- ড্যানিয়েল কিনসলে, উপকরণ ব্যবস্থাপনা বিভাগ, ওনোনডাগা কাউন্টি
- স্টেফানি লারকিন, মৎস্য ও বন্যপ্রাণী বিভাগ, সেইন্ট লরেন্স কাউন্টি
- রবার্ট ম্যাকেনজি, ভূমি ও বন বিভাগ, ডাচেস কাউন্টি
- গ্যারি মিলার, ফরেস্ট রেঞ্জার, হ্যামিল্টন কাউন্টি
- ফিলিপ পারলিয়ের, ফরেস্ট রেঞ্জার, অরেঞ্জ কাউন্টি
- রবার্ট প্র্যাকজকাইলো, ফরেস্ট রেঞ্জার, এসেক্স কাউন্টি
- স্কট সাবো, ফরেস্ট রেঞ্জার, ফ্রাঙ্কলিন কাউন্টি
- ম্যাথিউ সাভারি, ফরেস্ট রেঞ্জার, লিউইস কাউন্টি
- ন্যাথানিয়েল শে, ফরেস্ট রেঞ্জার, সেইন্ট লরেন্স কাউন্টি
- কেভিন স্লেইড, ফরেস্ট রেঞ্জার, কর্মী প্রধান, অলস্টার কাউন্টি
- মার্ক সোলান, উপকরণ ব্যবস্থাপনা বিভাগ (Division of Materials Management), ওয়াশিংটন কাউন্টি
- টিমোথি ওয়াটসন, মাছ ও বন্যপ্রাণী বিভাগ, ফুলটন কাউন্টি
- ড্যানিয়েল ওয়েলক, ভূমি ও বন বিভাগ, চেন্যাঙ্গো কাউন্টি
- টিমোথি ইয়েউস, মাছ ও বন্যপ্রাণী বিভাগ, ওনোনডাগা কাউন্টি

**DEC কমিশনার বেসিল সেগোস বলেন,** "আমি গত দু'সপ্তাহ ধরে এই দাবানল নিয়ন্ত্রণে রাখতে এবং মূল্যবান প্রাকৃতিক সম্পদ ও কমিউনিটিগুলোকে সুরক্ষিত করতে তাদের ত্যাগ ও সাহসিকতার জন্য DEC-র ফরেস্ট রেঞ্জার্স এবং কর্মীদের সাধুবাদ জানাই। এই সকল অগ্নিকান্ডগুলোর বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের অগ্নিনির্বাপক কর্মীরা যে কাজ করেছে তাতে নিউ ইয়র্কবাসীদের গর্বিত হওয়া উচিত, যা তাদের এখানে, নিজ মাটিতে, দাবানলের বিরুদ্ধে লড়াইয়ের দক্ষতা প্রদান করে। প্রায় 40 বছর ধরে, নিউইয়র্ক জরুরি পরিস্থিতিতে আমাদের স্টেটগুলোকে সহায়তা প্রদানের প্রস্তুতি এবং ইচ্ছা রয়েছে।"

1979 সালে, পশ্চিমাঞ্চলীয় স্টেটগুলোর বড় বড় দাবানলে সহায়তার উদ্দেশ্যে নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক বাহিনী পাঠিয়েছিল। সেই সময় থেকে, প্রয়োজন অনুসারে প্রতি বছর গড়পড়তায়,

দাবানল নিয়ে সাহায্য করার উদ্দেশ্যে কিছু কর্মী প্রেরণ করা হয়েছে। জাতীয় দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করেছে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে।

নিউইয়র্ক কর্মীদের সকল সদস্য এবং ভ্রমণ খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্র বন পরিষেবা (U.S. Forest Service) সরাসরি প্রদান করে অথবা স্টেট এবং ফেডারাল ভূমি এজেন্সিগুলোর মধ্যে পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউইয়র্ক স্টেটের নিকট পরিশোধ করে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)